

গ্রাহক হিসাব নম্বরের অর্থ:

গ্রাহক হিসাব নম্বর/কাস্টমার একাউন্ট নম্বর হলো গ্রাহকের প্রত্যেক সংযোগের জন্য একটি ৯ সংখ্যার একক পরিচিতে নম্বর যা অর্থবহ-

- প্রথম অংক দ্বারা সার্কেল অফিস নম্বর বুঝায়
- দ্বিতীয় এবং তৃতীয় দুটি অংক একত্রে সার্কেল অফিসের অধীনে মাঠ পর্যায়ের অফিস নম্বর বুঝায়
- চতুর্থ অংক দ্বারা একটি অফিসের অধীনে কোন সাবস্টেশন থেকে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে তা বুঝায়
- পঞ্চম অংক দ্বারা উক্ত সাবস্টেশনের অধীনে কোন ফিডার/লাইন থেকে গ্রাহককে সংযোগ দেয়া হয়েছে তা বুঝায়
- সপ্তম এবং অষ্টম দুই অংক একত্রে বিলিং বুক নম্বর বুঝায়
- শেষ দুটি অংক একত্রে বিলিং বইয়ের পৃষ্ঠা নম্বর বুঝায়

উদাহরণ: ধরি কোন একজন গ্রাহকের একটি সংযোগের হিসাব নম্বর ১০৪২৩১২৪৫

তাহলে উক্ত গ্রাহক-

- প্রথম অংক ১ দিয়ে খুলনা সার্কেল অফিসের আওতাধীন বুঝায়।
- পরবর্তী দুই অংক ০৪ দিয়ে খুলনা সার্কেলের আওতাধীন মাঠ পর্যায়ের অফিস বিক্রয় ও বিতরণ বিভাগ-৪, খুলনা এর গ্রাহক বুঝায়।
- পরবর্তী অংক ২ দিয়ে উক্ত অফিসের আওতাধীন গল্লামারী ৩৩/১১ কেভি বিতরণ উপকেন্দ্র থেকে বিদ্যুৎ প্রদান করা হয় বুঝায়।
- পরবর্তী অংক ৩ দিয়ে উক্ত উপকেন্দ্র থেকে সংযোগকৃত নিরীলা ফিডার/লাইন থেকে সংযোগ প্রদান করা বুঝায়।
- পরবর্তী দুই অংক ১২ দিয়ে গ্রাহকের বিলিং বইয়ের সিরিয়াল নম্বর বুঝায়।
- পরবর্তী দুই অংক ৪৫ দিয়ে উক্ত বইয়ের পৃষ্ঠা সংখ্যা বুঝায়।